

অগ্রণী ব্যাংক লিমিটেড  
ইনফরমেশন টেকনোলজি এন্ড এমআইএস ডিভিশন  
প্রধান কার্যালয়, ঢাকা।

পত্র নং: আইটিএন্ডএমআইএসডি/BESY/৭৯৬/১৭	তারিখ: ০৩/১২/২০১৭ইং
---------------------------------------	---------------------

উপ-মহাব্যবস্থাপক/  
সহকারী মহাব্যবস্থাপক/  
ব্যবস্থাপক  
অগ্রণী ব্যাংক লিমিটেড  
সকল কর্পোরেট শাখা/ শাখা।

বিষয়: BESY(Bulk-data Entry System) সফটওয়্যারের মাধ্যমে বিভিন্ন গ্রাহক প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের বেতনভাতাদি সহ যে কোন বড় সংখ্যক ডাটা এক্সেল থেকে T24 এ আপলোড দেয়া প্রসংগে।

প্রিয় মহোদয়,

বর্তমানে প্রায় সকল শাখাতেই বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের বেতন, ছাত্র ছাত্রীদের স্টাইপেন্ড, বিভিন্ন প্রকারের ভাতা ইত্যাদি প্রদানের জন্য হিসাব রয়েছে। এসকল হিসাব সমূহে প্রতিমাসেই বিপুল সংখ্যক ডাটা এন্ট্রি দেয়ার প্রয়োজন হয়। একারণে অনেক কর্মঘণ্টা খরচ হয় ও লোকবলের প্রয়োজন হয়। এর প্রেক্ষিতে T24 এ ডাটা এন্ট্রি সহজীকরণের জন্য BESY (Bulk-data Entry System) ডেভেলপ করা হয়েছে। BESY এর মাধ্যমে শাখা হতে এক্সেল বা অন্য যেকোন সফট ডাটা হতে T24 এ এন্ট্রি আপলোড করা যাবে।

ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক এখন হতে যে কোন বড় ডাটা এই সফটওয়্যারের মাধ্যমে T24 এ আপলোড করতে হবে। কোন ডাটা আপলোড করার জন্য আইটিএন্ডএমআইএস ডিভিশনে প্রেরণ করা যাবে না।

সফটওয়্যারটির ইস্টলেশন ফাইল, ম্যানুয়েল ও অন্যান্য প্রয়োজনীয় ফাইল সমূহ নিম্নোক্ত লিংকে আপলোড করা আছে। উক্ত লিংক হতে ইউজার ম্যানুয়েল ডাউনলোড করে তার নির্দেশনা মোতাবেক সফটওয়্যারটি ইস্টলেশন ও পরিচালনা করতে হবে।

<https://goo.gl/fFY2Z7>

BESY এর বিষয়ে যেকোন প্রয়োজনে জন্য অত্র বিভাগের প্রিন্সিপাল অফিসার জনাব আমানুল্লাহ সোহাগ, মোবাইল নং: ০১৮৫৩২০২৬৮৭ এ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

শাখা ব্যবস্থাপক ও অধিকারকে উপরোক্ত নির্দেশনা মোতাবেক T24 এ ডাটা আপলোড নিশ্চিত করা বিষয়ে প্রয়োজনীয় তদরকী করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

আপনার বিশ্বস্ত

স্বাঃ

(মোঃ শফিকুর রহমান সাদিক)

মহাব্যবস্থাপক

অনুলিপিঃ

১. উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের সচিবালয়, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
২. উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক, সকল সার্কেল/অঞ্চল, অগ্রণী ব্যাংক লিমিটেড।
৩. অফিস কপি।

মহাব্যবস্থাপক

৩